# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর।
Website: nu.ac.bd or nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০২২/২০২৩/১০১১১

তারিখঃ ২৮ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

## ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০,২০১৮-২০১৯ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ২য় বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম On-Line এ ১৮/০৯/২০২৩ তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

**ফরমপূরণের সময়সূচীঃ**

| ক্রমিক | বিবরণ | সময়সীমা |
|---|---|---|
| ০১ | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ১৮/০৯/২০২৩ (সোমবার) থেকে ১৫/১০/২০২৩ (রবিবার) |
| ০২ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | ১৭/১০/২০২৩ (মঙ্গলবার) রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত |
| ০৩ | টাকা জমার শেষ তারিখ | ১৮/১০/২০২৩ (বুধবার) থেকে<br>১৯/১০/২০২৩ (বৃহস্পতিবার) বিকাল ৪:০০টা পর্যন্ত |
| ০৪ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন(আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)। |

**ফরমপূরণের ফি এর বিবরণঃ**

| ক্রমিক | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী): i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় প্রতি কোর্স প্রতি পরীক্ষার্থী কলেজে জমা হবে- i) কলেজের অংশ ১৫০/- টাকা ii) কেন্দ্রের অংশ ৩০০/- টাকা | ৪৫০/- |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি কোর্স প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে। | ১৫০/- |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/ মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- |
| ০৮ | ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ফি | ৫০০০/- |
| ০৯ | C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | ১০০০/- |

**০১. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

**০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২২ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২২ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

২০২১ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবেপ্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে।

যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F থেকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ [illegible] ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২২ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করবে।

অধ্যক্ষের কার্যালয়
পত্র প্রাপ্তি নং ... তাং ...
* উপাধ্যক্ষ
* বিভাগীয় প্রধান...
* সম্পাদক (শিঃ পঃ)
* আহবায়ক...
...কমিটি
* BNCC/রোভার স্কাউট
* শরীর চর্চা শিক্ষক
* প্রধান সহকারি/হিসাব রক্ষক
* ভর্তি ও পরীক্ষা শাখা
* জনাব...